

চিরতা ক্যাপসুল

বিবরণঃ একটি গুরুত্বপূর্ণ মেডিসিনাল হার্বস এর সমন্বয়ে তৈরি চিরতা ক্যাপসুল। চিরতা পাকস্থলী থেকে পাচক রস ক্ষরণে সাহায্য করে। চিরতা বলকারক হিসেবে কাজ করে পাকস্থলীর শক্তি ও কর্মক্ষমতা বাড়িয়ে তোলে এবং রক্তে সুগার এর পরিমাণ হ্রাস করে।

উপাদানঃ প্রতি ক্যাপসুলে থাকবে প্রমিত মাত্রার চিরতা শুষ্ক নির্যাস ৫০০ মিগ্রা এবং অনুষঙ্গী উপাদান প্রয়োজন মত।

কার্যকারিতা ও ব্যবহারঃ হজমের গোলযোগ, ক্ষুধামান্দ্য, পাচকরস ক্ষরণে সমস্যা ও পরিপাকতন্ত্রের গন্ডগোল, ডায়াবেটিস এর জন্য কার্যকরি।

সেবন মাত্রা ও সেবন বিধিঃ ১-২ টা করে ক্যাপসুল দৈনিক ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

পার্শ্ব-প্রতিক্রিয়াঃ নির্দেশিত মাত্রায় ব্যবহারে কোনরূপ পার্শ্ব-প্রতিক্রিয়ার ঘটনা জানা যায়নি।

সতর্কতা ও প্রতিনির্দেশঃ পাচক রস ক্ষরণে উত্তেজনা সৃষ্টি করায় পাকস্থলী ও অন্ত্রের রোগীর ক্ষেত্রে এবং গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে চিরতা ব্যবহার নিষিদ্ধ।

সংরক্ষণঃ আলো থেকে দূরে ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন, শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনাঃ প্রতিটি বক্সে আছে ৫X ১০ ক্যাপসুল ব্লিস্টার প্যাকে।



দি ইবনেসিনা ন্যাচারাল মেডিসিন (ইউনানী বিভাগ)

সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।